



কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি নির্বাচন-২০২৪ বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশন

ভোট গ্রহণে সংশ্লিষ্ট কর্মকর্তাদের করণীয়

১. ভোট গ্রহণ ০৯ জুন ২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১০.০০টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত নিরবিচ্ছিন্নভাবে চলবে।
২. প্রিজাইডিং অফিসার প্রস্তুতি সম্পন্ন করার জন্য যথেষ্ট সময় নিয়ে ভোট কেন্দ্রে উপস্থিত হবেন।
৩. ভোট প্রদানের গোপনীয়তা নিশ্চিত করার লক্ষ্যে পর্দাঘেরা স্থানের ব্যবস্থা করতে হবে।
৪. নিরাপদ ব্যালট বাক্স ব্যবহার করতে হবে।
৫. সকাল ৮.৪৫ টায় প্যানেলসমূহের প্রার্থী/প্রার্থীর প্রতিনিধিবৃন্দের সম্মুখে 'ব্যালট বাক্স ব্যালট শূন্য' আছে নিশ্চিত হয়ে সিলগালা করতে হবে।
৬. কোন ভোটার যেন কোন প্রকার মোবাইল ফোন বা অনুরূপ কোন ডিভাইস কিংবা ক্যামেরা নিয়ে বুথে প্রবেশ না করে তা নিশ্চিত করতে হবে।
৭. ভোটার তালিকায় সংশ্লিষ্ট ভোটারের নামের পাশে ক্রস (X) চিহ্ন দিয়ে এবং ব্যালটের মুড়িতে স্বাক্ষর গ্রহণপূর্বক ভোটারকে ব্যালট পেপার হস্তান্তর করতে হবে।
৮. ভোটারের নাম/বিষয়/পদবী ইত্যাদির বনান ভুল বা ত্রুটি-বিচ্যুতি অগ্রাহ্য করে পরিচিতি নিশ্চিত হয়ে ভোটারকে ব্যালট পেপার দেওয়া যাবে।
৯. ভোটারগণ যে প্রার্থীকে ভোট দিতে চান তাঁর নামের পাশে নির্ধারিত স্থানে ক্রস (X) চিহ্ন দেবেন।
১০. ভোটারগণ ভোট প্রদানের পর ব্যালট পেপার ভাঁজ করে সহজে দৃশ্যমান স্থানে রক্ষিত সিলগালাকৃত ব্যালট বাক্সে ফেলবেন।
১১. বিকাল ৪.০০টার মধ্যে ভোটগ্রহণ কক্ষে উপস্থিত সকল ভোটারকে ভোট প্রদানের সুযোগ দিতে হবে।
১২. একটি বাক্স ভরে গেলে ভোট গ্রহণের জন্য একাধিক বাক্স ব্যবহার করা যাবে। একই সময়ে একাধিক ব্যালট বাক্স ব্যবহার করা যাবে না।
১৩. ভোট গ্রহণ শেষ হওয়ার সাথে সাথেই প্যানেলের প্রার্থী বা তাঁর প্রতিনিধিবৃন্দের উপস্থিতিতে ব্যালট বাক্সের সিলগালা খুলে ভোট গণনার কাজ শুরু করতে হবে।
১৪. কোন প্রার্থী বা তাঁর প্রতিনিধি উপস্থিত না থাকলেও যথানিয়মে ভোট গণনার কাজ শুরু করে ফলাফল তৈরী করতে হবে।
১৫. কমিশন কর্তৃক নিয়োগকৃত নির্বাচনী পর্যবেক্ষকদের তথ্য-প্রদানসহ সার্বিক সহযোগিতা করতে হবে।
১৬. ভোট গণনার সময় করণীয়:
 - ক) পদের সংখ্যার চেয়ে অধিক সংখ্যক প্রার্থীকে ভোট দিলে সংশ্লিষ্ট পদের জন্য ভোটগুলো বাতিল বলে গণ্য হবে।
 - খ) ক্রস (X) চিহ্ন অস্পষ্ট হলে অর্থ বোঝা না গেলে ভোটটি বাতিল হবে।
 - গ) ক্রস (X) চিহ্ন টি সংশ্লিষ্ট বাক্সের মধ্যে না দিলে ভোটটি বাতিল বলে গণ্য হবে।

ঘ) কোন কারণে ব্যালট পেপারটি ছিঁড়ে গেলে যদি কোন প্রার্থীকে ভোট দেয়া হয়েছে তা স্পষ্ট বোঝা যায় তবে তা গ্রহণযোগ্য হবে।

ঙ) শতভাগ ভোট প্রদান শেষ হয়ে গেলেও বিকাল ৪.০০ টার পূর্বে ভোট গণনা করা যাবে না।

১৭. ক) ভোট গণনা শেষ হওয়া মাত্র :

i) ফলাফল বিবরণীতে উপস্থিত প্রার্থী/তাঁর প্রতিনিধির স্বাক্ষর গ্রহণ করত: প্রিসাইডিং, সহকারী প্রিজাইডিং ও পোলিং অফিসারগণ সীলসহ স্বাক্ষর করবেন।

ii) কেন্দ্র কলেজের EMIS E-mail ID থেকে প্রদত্ত ভোট গণনার ফলাফল কমিশন কর্তৃক প্রেরিত এক্সেল সীট লিঙ্কের মাধ্যমে bcsgaelection2024@gmail.com ই-মেইলে প্রেরণ করতে হবে।

iii) হাতে লেখা ফলাফল বিবরণী পিডিএফ করে একই ই-মেইলে প্রেরণ করতে হবে।

খ) ভোট গণনার হিসেব রেজিস্ট্রিকৃত ডাকযোগে ১২/০৬/২০২৪ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

গ) ব্যবহৃত ব্যালট পেপার ও মুড়ি এবং অব্যবহৃত ব্যালট পেপার ফলাফলের সাথে প্রেরণ করতে হবে।

১৮. কোন প্রার্থী/প্রার্থীর প্রতিনিধির লিখিত আবেদনের প্রেক্ষিতে ভোট গণনার হিসেবের অনুলিপি প্রদান করা যাবে।

১৯. নির্ধারিত ছকে নির্বাচন সংক্রান্ত যাবতীয় তথ্য ও কাগজপত্রের হিসেব পূরণ করে নির্ধারিত খামে ভরে (যে কাগজের জন্য যে খাম প্রয়োজ্য) সিলগলাকৃত অবস্থায় নির্বাচন কমিশনের নিকট প্রেরণ করতে হবে।

২০. ভোট গণনার হিসেব (ফরম নম্বর-১) এবং ব্যালট পেপারের হিসেবের (ফরম-২) পৃথক একটি খামে রেজিস্ট্রি ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে নির্বাচন কমিশনে প্রেরণ করতে হবে।



প্রফেসর সাইফ উদ্দিন আহমেদ চৌধুরী
প্রধান নির্বাচন কমিশনার
কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি নির্বাচন ২০২৪
বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশন
E-mail: bcsgaelection@gmail.com